

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
গাংনী, মেহেরপুর।


স্মারক নং

২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : উপজেলা পরিষদ কৃষি ও সেচ স্থায়ী কমিটির সভা আহ্বান।

এতদ্বারা উপজেলা পরিষদ কৃষি ও সেচ স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্য-কে অবহিত করা যাচ্ছে যে, আগামী ০১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে উক্ত কমিটির এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(মোছাঃ লাভলী খাতুন)
উপজেলা কৃষি অফিসার
এবং

সদস্য সচিব
উপজেলা পরিষদ কৃষি ও সেচ স্থায়ী কমিটি
গাংনী, মেহেরপুর।

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে:

০১. উপজেলা ভাইস চেয়ারম্যান, গাংনী, মেহেরপুর।

০২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,, গাংনী, মেহেরপুর।

০৩. অফিস কপি-সংরক্ষণের জন্য।

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ভাইস চেয়ারম্যান, গাংনী, মেহেরপুর
স্থান : উপজেলা কৃষি অফিসার-এর সভাকক্ষ।
তারিখ : ০১ মার্চ /২০২২ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য বৃন্দ “ পরিশিষ্ট-ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাংনী, মেহেরপুর সভাকে অবহিত করেন যে, খাদ্যে স্বয়ংসম্পন্ন হওয়া, নিরবচ্ছিন্ন খাদ্য চাহিদা পূরণ এবং পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে বর্তমান কৃষি বান্ধব সরকার এর নির্দেশনায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মাঠ পর্যায়ে কৃষকদের বিভিন্ন কৃষি পরামর্শ প্রদান করে আসছে। উপজেলায় বর্তমানে-

ক) সুষম সার ব্যবস্থাপনা বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়। এ সময়ে মাটি পরীক্ষাসহ অনলাইন সার সুপারিশের কথা বলা হয়।

খ) মেয়াদোত্তীর্ণ বালাইনাশক এর বিক্রয় বিষয়ে আলোচনা করা হয়।

গ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “এক ইঞ্চি জায়গা যেন ফাঁকা না থাকে” মোতাবেক গাংনী উপজেলার সকল অনাবাদি ও পতিত জমি চাষের আওতায় আনার জন্য সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত:

০১. ডিএপি সারের ব্যবহার বৃদ্ধিসহ সুষম সার ব্যবস্থাপনা বিষয়ে লিফলেট বিতরণের উদ্যোগ নেয়া হবে।

০২. বালাইনাশক পরিদর্শক এবং উপজেলা প্রশাসনসহ ভোক্তা অধিকার সংরক্ষণ কর্মকর্তার সমন্বিত উদ্যোগে ভেজাল ও মেয়াদোত্তীর্ণ বালাইনাশক ধ্বংস, জরিমানা ও জেল প্রদানের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. জৈব বালাইনাশকের পরিচিতি ও ব্যবহার বিষয়ক লিফলেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রাশেদুল হক)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

ও

সভাপতি

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি

গাংনী, মেহেরপুর।

তারিখ: ০১ মার্চ / ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং-

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে:

০১. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,, গাংনী, মেহেরপুর।

০২. অফিস কপি-সংরক্ষণের জন্য।





(মোছাঃ লাভলী খাতুন)

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি, গাংনী, মেহেরপুর।

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সদস্যগণের উপস্থিতি শীট।

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গাংনী, মেহেরপুর।
তারিখ ও সময় : ০২/৬/২২ দুপুরঃ ২.০০টা
সভাপতি : জনাব মোঃ রাশেদুল হক
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১	মোঃ রাশেদুল হক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।	
০২	চেয়ারম্যান, ধানখোলা ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৩	চেয়ারম্যান, বামুন্দি ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৪	মোঃ ফজলুল হক, কৃষি বিষয়ক সম্পাদক, মেহেরপুর।	
০৫	মোঃ ইউনুস আলী, সভাপতি ০৯ নং ওয়ার্ড, আঃ লীগ, গাংনী, মেহেরপুর।	
০৬	মোঃ কাফিরুল ইসলাম, ৮ নং ওয়ার্ড, আঃ লীগ, গাংনী, মেহেরপুর।	
০৭	উপজেলা কৃষি অফিসার, গাংনী, মেহেরপুর।	